গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-৬৩/২২ তারিখ : ০৭-০৪-২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৫-২৬ অর্থবছরের ২য় ধাপে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তি, উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের **বৃত্তি সংক্রান্ত সকল তথ্যাদি MIS Software-এ যথাযথ প্রক্রিয়ায় স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান হতে** এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরের ২য় ধাপে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধা/সাধারণ বৃত্তি, বিভিন্ন ধরনের উপবৃত্তি (সংখ্যালঘু সম্প্রদায়, উপজাতীয়, দৃষ্টি প্রতিবন্ধী, প্রতিবন্ধী, অটিস্টিক ও পেশামূলক) এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ EFT-এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হবে। তাই বৃত্তি সংক্রান্ত সকল তথ্যাদি পত্রের সাথে সংযুক্ত প্রক্রিয়া ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ০৯ এপ্রিল, ২০২৬ তারিখ হতে ৩০ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে বৃত্তির MIS Software-এ নির্ভুলভাবে এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধনের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। যে সকল শিক্ষার্থীর ব্যাংক সংক্রান্ত সমস্যার কারণে (ব্যাংকের নাম, শাখার নাম, Routing Number, হিসাব নম্বর, একক/যৌথ হিসাব সংক্রান্ত ভুল ও Bank Account Inactive থাকা) প্রেরিত বৃত্তির অর্থ Bounced হয়েছে তাদের ব্যাংক সংক্রান্ত তথ্য সংশোধন ও Inactive Account সক্রিয়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর (শুধুমাত্র বোর্ডবৃত্তিপ্রাপ্ত) তথ্য পূর্বে এন্ট্রি করা হয়নি তাদের তথ্যও MIS Software-এ এন্ট্রি করতে হবে।

০৪। উল্লেখ্য, বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি (বৃত্তির প্রকাশিত গেজেটের সাথে মিল রেখে) ও ব্যাংক সংক্রান্ত সকল তথ্যাদি সঠিকভাবে এবং যথাসময়ে এন্ট্রি না দেয়ার কারণে শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রেরণ করা সম্ভব হয় না। এ লক্ষ্যে MIS Software-এ বৃত্তি সংক্রান্ত তথ্যাদি নির্ভুলভাবে এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধনের লক্ষ্যে পত্রের সাথে সংযুক্ত **নির্দেশনাসমূহ** অবশ্যই যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৫। বৃত্তির তথ্য এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধনের ক্ষেত্রে কোন ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দায়ী থাকবেন।

সংযুক্তি : MIS Software-এ **তথ্য এন্ট্রির প্রয়োজনীয় নির্দেশনাবলী ০২ পাতা।**

০৭.০৪.২৬
(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক (একিউএইউ)
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।
www.seo.kazipur.sirajganj.gov.bd

স্মারক নংঃ উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৬/৬৩ তারিখঃ ১২/০৪/২০২৬ খ্রিঃ।

উর্পযুক্ত পত্রের মর্মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান সমুহে উল্লেখিত নির্দেশনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

১২/০৪/২৬
(মোঃ ছকমান আলী)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার
....., কলেজ, স্কুল, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান
কাজিপুর, সিরাজগঞ্জ।